

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬০১

আগরতলা, ১৮ মে, ২০২৬

এইচআইভি আক্রান্তদের চিকিৎসা পরিষেবা আরও বাড়বে : স্বাস্থ্য সচিব



রাজ্যজুড়ে এইডস আক্রান্তদের চিকিৎসা পরিষেবা আরও সুদৃঢ় করার লক্ষ্যে স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে নানাবিধ উদ্যোগ গৃহীত হয়েছে। রাজ্যের প্রতিটি জেলা হাসপাতাল, মহকুমা হাসপাতাল এবং ব্লক স্তরের প্রতিটি স্বাস্থ্য প্রতিষ্ঠানে এইডস আক্রান্ত রোগীদের সঠিক চিকিৎসা পরিষেবা প্রদানে অঙ্গীকারবদ্ধ দপ্তর। সোমবার এই বিষয়ক বিভিন্ন পরিকল্পনা খতিয়ে দেখার লক্ষ্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যের পৌরোহিত্যে মহাকরণের ২ নম্বর কনফারেন্স হলে বৈঠক অনুষ্ঠিত হয়। এদিনের বৈঠকে স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে স্বাস্থ্য দপ্তর, জাতীয় স্বাস্থ্য প্রকল্প মিশন সহ বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের উচ্চপদস্থ আধিকারিকদের পরিকল্পিত লক্ষ্যে কাজ করার আহ্বান জানান।

বৈঠকে স্বাস্থ্য সচিব বলেন, জেলা স্তরের প্রতিটি হাসপাতাল এবং এফআরইউ ও সিএইচসি পর্যন্ত স্বাস্থ্য পরিষেবা এখন অনেকগুণ বেড়েছে। আগামীদিনে এইচআইভি আক্রান্তদের জন্য পরিষেবা আরও বৃদ্ধি হবে এবং সেই লক্ষ্যে দ্রুত গতিতে কাজ করছে দপ্তর। সফলভাবে তা করার জন্য নজর দিতে হবে দপ্তরের সকল অঙ্গ প্রতিষ্ঠানগুলিকেও। স্বাস্থ্যসচিব বলেন, কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের তরফ থেকে যে অর্থরাশি দিয়ে এইচআইভি-এইডস কর্মসূচি রাজ্যে চলছে, তার বাইরেও রাজ্য সরকারের তরফে সুনির্দিষ্ট প্রস্তাবনায় অর্থ বরাদ্দ করা হবে। এদিনের বৈঠকে রাজ্যের বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে আরও বেশি সংখ্যক এআরটি, এফআইএআরটি সেন্টার খোলা ছাড়াও অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে আলোচনা হয়। এদিনের বৈঠকে স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. দেবশ্রী দেববর্মা উপস্থিত ছিলেন। তিনিও রাজ্যে এইচআইভি-এইডস আক্রান্তদের স্বাস্থ্য পরিষেবা প্রদান ক্ষেত্রে যাতে কোন ত্রুটি না থাকে, তা নিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুনির্দিষ্ট বার্তা প্রদান করেন।

এদিনের বৈঠকে আগরতলা গভঃ মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডা. তপন মজুমদার, জিবিপি হাসপাতালের মেডিসিন বিভাগের প্রধান ডা. প্রদীপ ভৌমিকউপস্থিত ছিলেন। এছাড়াও বৈঠকে ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির প্রকল্প অধিকর্তা ডা. বিনীতা চাকমা এবং সহ প্রকল্প অধিকর্তা ডা. সঞ্জয় রুদ্রপাল সহ অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন। বিভিন্ন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক, ডিস্ট্রিক্ট এইডস কন্ট্রোল অফিসাররাও এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।
